রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ১০, ২০১৬**

**নির্বাচন কমিশন**
**বাংলাদেশ**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**শেরে বাংলা নগর, ঢাকা।**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ মাঘ ১৪২২ বঙ্গাব্দ/ ১০ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩১-আইন/২০১৬।**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ২০ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (৩) এ "২০১০" সংখ্যার স্থলে "২০১৬" সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (৮) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৮) প্রতিস্থাপিত হইবে, যথা:—

‘‘(৮) "সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা" অর্থ নির্বাচন ও অন্যান্য কার্য সম্পাদনের নিমিত্ত কমিশন কর্তৃক নিয়োগকৃত সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা;’’

(গ) দফা (২২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২২) "প্রার্থী" অর্থ কোন ইউনিয়ন পরিষদের—

(ক) চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত ব্যক্তি বা স্বতন্ত্র প্রার্থী; এবং

(খ) সদস্য পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলকারী যে কোন ব্যক্তি;”


**মূল্যঃ** টাকা ৩০.০০

(ঘ) দফা (৩২) এর পর নিম্নরূপ নতুন দফা (৩২ক) সন্নিবেশিত হইবে, যথা:—

“(৩২ক) "রাজনৈতিক দল" অর্থ Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972) এর Article 2 এর clause (xixa) তে সংজ্ঞায়িত registered political party;”;

(ঙ) দফা (৩৫) এর প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে;

(চ) দফা (৩৬) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (৩৭) সংযোজিত হইবে, যথা:—

“(৩৭) "স্বতন্ত্র প্রার্থী" অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনয়নপ্রাপ্ত নহেন।”;

(২) বিধি ৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত ‘‘জেলা নির্বাচন কর্মকর্তা’’ শব্দগুলির পরিবর্তে ‘‘উপজেলা নির্বাচন কর্মকর্তা’’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৫ এর উপ-বিধি (১) এবং (২) এ উল্লিখিত ‘‘জেলা নির্বাচন কর্মকর্তা’’ শব্দগুলির পরিবর্তে ‘‘সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা’’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৭ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত ‘‘জেলা নির্বাচন কর্মকর্তা’’ শব্দগুলির পরিবর্তে ‘‘সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা’’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত ‘‘জেলা নির্বাচন কর্মকর্তা’’ শব্দগুলির পরিবর্তে ‘‘সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা’’ শব্দগুলি এবং ‘‘উপ-নির্বাচন কমিশনারের’’ শব্দগুলির পরিবর্তে ‘‘আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার’’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) বিধি ১০ এর উপ-বিধি (১) এবং (২) এ উল্লিখিত ‘‘জেলা নির্বাচন কর্মকর্তা’’ শব্দগুলির পরিবর্তে ‘‘সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা’’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ১২ এর—

(ক) উপ-বিধি (৩) এর দফা (গ) এর—

(অ) উপ-দফা (আ) এর প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে;

(আ) উপ-দফা (ই) এ উল্লিখিত "হিসাবে" শব্দের পর "একই পদের" শব্দগুলি সন্নিবেশিত হইবে ও প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন উপ-দফা (ঈ) সংযোজিত হইবে, যথা:—

''(ঈ) রাজনৈতিক দলের চেয়ারম্যান প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে:

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ০৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনে প্রেরণ করিবে।";

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

''(৪) কোন ভোটার প্রস্তাবকারী হিসাবে অথবা সমর্থনকারী হিসাবে চেয়ারম্যান অথবা সংরক্ষিত আসনের সদস্য বা সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট পদে একটির অধিক মনোনয়নপত্রে তাহার নাম ব্যবহার করিবেন না এবং যদি কোন ভোটার একই পদে একাধিক মনোনয়নপত্রে তাহার নাম ব্যবহার করেন, তাহা হইলে এইরূপ সকল মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।";

(৭) বিধি ১৩ এর–

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত ''অথবা রিটার্নিং অফিসারের নিকট নগদে জমা প্রদান করিতে হইবে'' শব্দগুলির পরিবর্তে ''সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুকূলে জমা প্রদান করিতে হইবে'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "নগদে বা অন্য কোনভাবে" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(গ) উপ-বিধি (৪) বিলুপ্ত হইবে;

(৮) বিধি ১৫ এর উপ-বিধি (১) এবং (২) এ উল্লিখিত ‘‘জেলা নির্বাচন কর্মকর্তার’’ শব্দগুলির পরিবর্তে ‘‘সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তার’’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৯) বিধি ১৭ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "কপি" শব্দের পরিবর্তে "ফটোকপি" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১০) বিধি ১৯ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

‘‘(১) কোন পদের জন্য একাধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থী থাকিলে প্রত্যেক প্রার্থী—

(ক) চেয়ারম্যান পদে নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে, তফসিল-২;

(খ) চেয়ারম্যান পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে, তফসিল-৩;

(গ) সংরক্ষিত আসনের সদস্য পদে নির্বাচনের ক্ষেত্রে, তফসিল-৪; এবং

(ঘ) সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের ক্ষেত্রে, তফসিল-৫; এ উল্লিখিত প্রতীকসমূহের মধ্য হইতে তাঁহার পছন্দমত যে কোন একটি নির্বাচনি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করিবেন:

তবে শর্ত থাকে যে, দফা (ক) এ উল্লিখিত চেয়ারম্যান প্রার্থীকে তাহার মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের জন্য সংরক্ষিত প্রতীক উল্লেখ করিতে হইবে।”;

(খ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "তফসিল-২, ৩ বা, ক্ষেত্রমত, ৪" শব্দগুলি, চিহ্ন, সংখ্যাগুলি ও কমাগুলির পরিবর্তে "তফসিল-৩, ৪ বা, ক্ষেত্রমত, ৫" শব্দগুলি, চিহ্ন, সংখ্যাগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(১১) বিধি ২০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২০ প্রতিস্থাপিত হইবে, যথা:—

''২০। **ভোট গ্রহণের পূর্বে প্রার্থীর মৃত্যু।**—(১) ভোট গ্রহণের পূর্বে চেয়ারম্যান পদে মনোনীত বৈধ কোন প্রার্থীর মৃত্যু হইলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদের নির্বাচন কার্যক্রম রিটার্নিং অফিসার গণবিজ্ঞপ্তি দ্বারা বাতিল করিয়া দিবেন।

(২) রিটার্নিং অফিসার উপ-বিধি (১) এর অধীন গৃহীত ব্যবস্থা তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশনকে লিখিতভাবে জানাইবেন।

(৩) রিটার্নিং অফিসারের নিকট হইতে অবহিত হইবার অব্যবহিত পর কমিশন সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার সংশ্লিষ্ট পদে নতুন নির্বাচনি তফসিল ঘোষণা করিবেন এবং কমিশনের উক্ত সিদ্ধান্ত অনুসারে রিটার্নিং অফিসার নির্বাচন অনুষ্ঠানের পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবেন:

তবে শর্ত থাকে যে, ইতিপূর্বে কোন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলিয়া সাব্যস্ত হইয়া থাকিলে এবং তিনি তাঁহার প্রার্থিতা প্রত্যাহার না করিয়া থাকিলে তাহাকে নতুন করিয়া মনোনয়নপত্র দাখিল করিতে হইবে না।

(৪) ভোট গ্রহণের পূর্বে সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে মনোনীত বৈধ কোন প্রার্থীর মৃত্যু হইলে ভোটগ্রহণ অবশিষ্ট প্রার্থীগণের মধ্যে সীমাবদ্ধ থাকিবে।";

(১২) বিধি ২২ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "নাম ও ঠিকানা" শব্দগুলির পরিবর্তে "নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে, রাজনৈতিক দলের নাম," শব্দগুলি এবং কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৩) বিধি ২৫ এর—

(ক) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) প্রিজাইডিং অফিসারের নিকট ভোট গ্রহণ শুরু হইবার পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট উক্ত ভোটকেন্দ্রের জন্য নিয়োগকৃত পোলিং এজেন্টের ১ (এক) কপি ছবিসহ নিয়োগপত্র তফসিল-১ এর ফরম 'জ-১' এ দাখিল করিবেন।";

(খ) উপ-বিধি (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৬) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৬) পোলিং এজেন্টগণকে নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার বা প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত ছবিসহ পোলিং এজেন্টের পরিচয়পত্র বুকে ঝুলাইয়া রাখিতে হইবে এবং উপ-বিধি (২) এ উল্লিখিত নিয়োগপত্র ও জাতীয় পরিচয়পত্র সংগে রাখিতে হইবে। পোলিং এজেন্ট নির্ধারিত স্থানে অবস্থান করিয়া বিধি অনুযায়ী স্বীয় দায়িত্ব পালন করিবেন এবং

ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত সহকারী প্রিজাইডিং অফিসারের অনুমতি ব্যতিরেকে ভোটকক্ষ এবং প্রিজাইডিং অফিসারের অনুমতি ব্যতিরেকে ভোটকেন্দ্র ত্যাগ করিতে পারিবেন না।'';

(গ) উপ-বিধি (৯) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১০) ও (১১) সংযোজিত হইবে, যথা:—

"(১০) প্রত্যেক পোলিং এজেন্টকে কমিশন কর্তৃক নির্ধারিত এবং প্রার্থী কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত নমুনার কাপড়ের তৈরি বাহুবন্ধনী বা আর্মড ব্যান্ড রাখিতে হইবে।

(১১) ফলাফল গণনাকালে প্রত্যেক প্রার্থীর ১ (এক) জন পোলিং এজেন্ট ভোট গণনা কক্ষে উপস্থিত থাকিতে পারিবেন এবং ভোট গণনাকালে কোন পোলিং এজেন্ট উপস্থিত থাকিবেন তাহা ফরম-'জ-১' অনুসারে ভোট গণনার পূর্বেই প্রিজাইডিং অফিসারকে জানাইয়া দিতে হইবে।";

(১৪) বিধি ২৯ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত " 'তফসিল-২' এ উল্লিখিত সকল প্রতীক" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে "তফসিল-২ ও ৩ এ উল্লিখিত প্রতীকের মধ্য হইতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের অনুকূলে বরাদ্দকৃত প্রতীক" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত "তফসিল-৩" শব্দ, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে "তফসিল-৪" শব্দ, চিহ্ন ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "তফসিল-৪" শব্দ, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে "তফসিল-৫" শব্দ, চিহ্ন ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(ঘ) উপ-বিধি (৪) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৫) সংযোজিত হইবে, যথা:—

"(৫) বিধি ২২ এর অধীন প্রস্তুতকৃত তালিকায় চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণকে যেই ক্রমে দেখানো হইয়াছে সেই ক্রমেই ব্যালট পেপারে তাহাদের নাম ছাপাইতে হইবে।";

(১৫) বিধি ৪৪ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

''(১) কোন প্রার্থীকে জামানতের টাকা ফেরত দিতে হইলে, উক্ত প্রার্থীর জামানতের টাকা যেই চালানমূলে সরকারি কোষাগারে জমা করা হইয়াছে, সেই চালানের মূল কপির পিঠে ''জামানতের টাকা অবমুক্ত করা হইল'' মর্মে প্রত্যয়ন লিপিবদ্ধ করিয়া রিটার্নিং অফিসার স্বাক্ষর প্রদান করিবেন এবং স্বাক্ষরের নিচে তাহার নাম ও পদবি সম্বলিত সিলমোহরাঙ্কন করিয়া

প্রার্থীকে বা জামানত প্রদানকারীর বৈধ প্রতিনিধিকে উক্ত চালান ফেরত প্রদান করিতে হইবে।'';

(১৬) বিধি ৪৯ এর পর নূতন বিধি ৪৯ক সন্নিবেশিত হইবে, যথা:—

''৪৯ক। **রাজনৈতিক দল কর্তৃক নির্বাচনি ব্যয় সীমা এবং সকল আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ ।**—(১) নির্বাচনের জন্য প্রার্থী মনোনয়ন প্রদানকারী প্রত্যেক রাজনৈতিক দল বিধি ১০ এর উপ-বিধি (১) এর অধীন সময়সূচির প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে যে সকল নির্বাচনি এলাকায় প্রার্থী মনোনয়ন দিয়াছে সেই সকল নির্বাচনি এলাকায় নির্বাচন সমাপ্ত হওয়া পর্যন্ত উহার সকল আয় ও ব্যয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করিবে, এইরূপ হিসাবে কোন প্রার্থী বা কোন মনোনয়ন প্রত্যাশী বা অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান হইতে দান বাবদ প্রাপ্ত টাকা যথাযথভাবে দেখাইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত প্রত্যেক রাজনৈতিক দলের তহবিল কোন তফসিলি ব্যাংকে জমা রাখিতে ও সংরক্ষণ করিতে হইবে।

(৩) কোন রাজনৈতিক দল উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে, নির্বাচনের উদ্দেশ্যে, তদকর্তৃক মনোনীত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের জন্য নির্বাচনি ব্যয়সহ, প্রার্থীর মনোনয়ন প্রদান সাপেক্ষে প্রতি ইউনিয়নের জন্য ৩০(ত্রিশ) হাজার টাকার অধিক ব্যয় করিতে পারিবে না।

(৪) কোন রাজনৈতিক দল ১০ (দশ) হাজার টাকার অধিক পরিমাণের কোন দান চেক ব্যতীত গ্রহণ করিতে পারিবে না।

(৫) যদি কোন রাজনৈতিক দল এই বিধির কোন বিধান লংঘন করে, তাহা হইলে উক্ত রাজনৈতিক দল অনধিক ১০ (দশ) হাজার টাকা অর্থ দণ্ডে দণ্ডনীয় হইবে।";

(১৭) বিধি ৫১ এর পর নিম্নরূপ নূতন বিধি ৫১ক সন্নিবেশিত হইবে, যথা:—

''৫১ক। **রাজনৈতিক দল কর্তৃক নির্বাচনি ব্যয়ের হিসাব বিবরণী দাখিল।**—(১) নির্বাচনের জন্য প্রার্থী মনোনয়ন প্রদানকারী প্রত্যেক রাজনৈতিক দল কমিশনের নিকট, প্রতিটি পর্যায়ের নির্বাচন সমাপ্ত হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে, বিধি ১০ এর উপ-বিধি (১) এর অধীন সময়সূচির প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে যে সকল নির্বাচনি এলাকায় প্রার্থী মনোনীত করিয়াছে সেই সকল এলাকায় নির্বাচন সমাপ্ত হওয়া পর্যন্ত সময়ের মধ্যে উক্ত দল কর্তৃক অনুমোদিত সকল খরচের বিস্তারিত বর্ণনা প্রদান করত নির্ধারিত ফরমে একটি হিসাব বিবরণী দাখিল করিবে।

(২) এই বিধির বিধান অনুসারে কোন রাজনৈতিক দল উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে হিসাব বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে নির্বাচন কমিশন ৩০ (ত্রিশ) দিনের সময় প্রদান করিয়া উহা প্রেরণের জন্য সতর্কীকরণ নোটিশ প্রেরণ করিবে, উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট রাজনৈতিক দল হিসাব বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে ৭৫০০ (সাত হাজার পাঁচশত) টাকা জরিমানা প্রদান সাপেক্ষে পুনরায় ১৫ (পনের) দিন সময় প্রদান করিতে পারিবে এবং সংশ্লিষ্ট রাজনৈতিক দল উক্ত অতিরিক্ত ১৫ (পনের) দিন সময়ের মধ্যে কোন হিসাব বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে নির্বাচন কমিশন উক্ত রাজনৈতিক দলের নিবন্ধন বাতিল করিতে পারিবে।";

(১৮) তফসিল-১ এর—

(ক) ফরম-ক-১ ও ফরম-ক-২ এর প্রথম খণ্ডের তৃতীয় অংশের ক্রমিক নং-৫ এ 'রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত রশিদ' শব্দগুলি বিলুপ্ত হইবে এবং ফরম-গ বিলুপ্ত হইবে;

(খ) ফরম-ক, ফরম-ঘ,ফরম-ঘ-১, ফরম-চ, ফরম-ছ, ফরম-জ, ফরম-জ-১ এবং ফরম-ড এর পরিবর্তে নিম্নরূপ ফরম-ক, ফরম-ঘ, ফরম-ঘ-১, ফরম-চ, ফরম-ছ, ফরম-জ, ফরম-জ-১ এবং ফরম-ড প্রতিস্থাপিত হইবে, যথা:—

**নির্বাচন কমিশন বাংলাদেশ**

**.......................................... ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচনের জন্য মনোনয়ন ফরম-ক পূরণের নির্দেশিকা**

(১) প্রথম খন্ড ঃ মনোনয়ন

১.১. প্রথম অংশ ঃ প্রস্তাবকারী কর্তৃক পূরণ করিতে হইবে

১.২. দ্বিতীয় অংশ ঃ সমর্থনকারী কর্তৃক পূরণ করিতে হইবে

১.৩. তৃতীয় অংশ ঃ মনোনীত ব্যক্তি কর্তৃক পূরণ করিতে হইবে

(২) দ্বিতীয় খন্ড ঃ প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি

(৩) তৃতীয় খন্ড ঃ রিটার্নিং অফিসার কর্তৃক পূরণ করিতে হইবে

(৪) চতুর্থ খন্ড ঃ রিটার্নিং অফিসার কর্তৃক পূরণ করিতে হইবে

(৫) পঞ্চম খন্ড ঃ রিটার্নিং অফিসার কর্তৃক পূরণ করিতে হইবে

সংযুক্তি হিসাবে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করিতে হইবে

১. নির্বাচনি ব্যয় নির্বাহ করিবার জন্য সম্ভাব্য অর্থ প্রাপ্তির উৎস/উৎসসমূহ ও সম্ভাব্য ব্যয়ের বিবরণী।

২. জামানতের টাকা জমাদানের ব্যাংক ড্রাফট/ট্রেজারি চালান/তফসিলি ব্যাংকের পে- অর্ডারের কপি।

৩. রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে রাজনৈতিক দলের মনোনয়ন অথবা স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে প্রার্থিতার সপক্ষে স্বাক্ষরযুক্ত তালিকা।

**ক্রমিক নম্বর** [ ]

**তফসিল-১**

**ফরম—ক**

**[বিধি ১২ (৩) দ্রষ্টব্য]**

**চেয়ারম্যান নির্বাচনে প্রার্থীর মনোনয়নপত্র**

ইউনিয়ন [ ]

জেলা [ ] উপজেলা [ ]

---

**প্রথম খণ্ড : মনোনয়ন**

**প্রথম অংশ**

**(প্রস্তাবকারী কর্তৃক পূরণ করিতে হইবে)**

(১) আমি, [ ]

(প্রস্তাবকারীর নাম)

ভোটার নম্বর [ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ]

(প্রস্তাবকারীর ভোটার নম্বর)

ক্রমিক নম্বর [ ]

(ভোটার তালিকায় প্রস্তাবকারীর ক্রমিক নম্বর)

ভোটার এলাকার নাম [ ] ওয়ার্ড নম্বর [ ][ ] এতদ্বারা

(প্রস্তাবকারীর ভোটার এলাকার নাম)

[ ] চেয়ারম্যান নির্বাচনের জন্য প্রার্থীরূপে

(ইউনিয়ন পরিষদের নাম)

[ ]

(প্রার্থীর নাম)

[ ]

(প্রার্থীর ঠিকানা)

ভোটার নম্বর | | | | | | | | | | | | এর নাম প্রস্তাব করিতেছি।
(প্রার্থীর ভোটার নম্বর)

(২) আমি এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, আমি প্রস্তাবকারী বা সমর্থনকারীরূপে অন্য কোন মনোনয়নপত্রে স্বাক্ষরদান করি নাই।

তারিখঃ | | | দিন | | | মাস | | | | | বৎসর

প্রস্তাবকারীর স্বাক্ষর/টিপসহি

## দ্বিতীয় অংশ

(সমর্থনকারী কর্তৃক পূরণ করিতে হইবে)

(১) আমি, ____________________

(সমর্থনকারীর নাম)

ভোটার নম্বর | | | | | | | | | | | | |

(সমর্থনকারীর ভোটার নম্বর)

ক্রমিক নম্বর ____________________

(ভোটার তালিকায় সমর্থনকারীর ক্রমিক নম্বর)

ভোটার এলাকার নাম ____________________ ওয়ার্ড নম্বর | | | এতদ্বারা

(সমর্থনকারীর ভোটার এলাকার নাম)

____________________ চেয়ারম্যান নির্বাচনের জন্য প্রার্থীরূপে

(ইউনিয়ন পরিষদের নাম)

____________________

(প্রার্থীর নাম)

____________________

(প্রার্থীর ঠিকানা)

ভোটার নম্বর | | | | | | | | | | | | | এর মনোনয়ন

(প্রার্থীর ভোটার নম্বর)

সমর্থন করিতেছি।

(২) আমি এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, আমি সমর্থনকারী বা প্রস্তাবকারীরূপে অন্য কোন মনোনয়নপত্রে স্বাক্ষরদান করি নাই।

তারিখঃ | | | দিন | | | মাস | | | | | বৎসর

সমর্থনকারীর স্বাক্ষর/টিপসহি

তৃতীয় অংশ

(মনোনীত প্রার্থী কর্তৃক ঘোষণা)

আমি, [ ]
(প্রার্থীর নাম)

পিতা/স্বামীর নাম [ ]

মাতার নাম [ ]

ঠিকানা [ ]
(প্রার্থীর ঠিকানা)

ভোটার নম্বর [ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ]
(প্রার্থীর ভোটার নম্বর)

ক্রমিক নম্বর [ ]
(ভোটার তালিকায় প্রার্থীর ক্রমিক নম্বর)

ভোটার এলাকার নাম [ ] ওয়ার্ড নম্বর [ ][ ] ইউনিয়ন [ ]
(প্রার্থীর ভোটার এলাকার নাম)

উপজেলা [ ]

(১) এতদ্বারা ঘোষণা করিতেছি যে, আমি—

(ক) উপরোক্ত মনোনয়নে সম্মতি প্রদান করিয়াছি এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৬(১) অনুযায়ী চেয়ারম্যান হিসাবে নির্বাচিত হইবার যোগ্য।

(খ) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৬(২) অনুযায়ী চেয়ারম্যানরূপে নির্বাচিত হইবার বা থাকিবার জন্য অযোগ্য নহি।

(গ) একাধিক পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিল করি নাই।

(২) আমার নির্বাচনি ব্যয় নির্বাহ করিবার জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎস ও সম্ভাব্য ব্যয়ের বিবরণী এতদ্‌সংগে সংযুক্ত করিলাম।

(৩) (ক) আমি আয়কর দাতা নহি [ ] ।

অথবা

(খ) আমি আয়কর দাতা ☐। আমার সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের এবং কর পরিশোধের প্রমাণপত্রের কপি এতদ্‌সংগে সংযুক্ত করিলাম।

(৪) (ক) আমি, ☐ , ☐ রাজনৈতিক দলের প্রার্থী। উহার সপক্ষে রাজনৈতিক দলের মনোনয়ন এতদ্‌সংগে সংযুক্ত করিলাম।

(৫) (ক) আমার মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের জন্য সংরক্ষিত প্রতীক (দলীয় প্রার্থীর ক্ষেত্রে) ☐ ।

(খ) আমার পছন্দকৃত প্রতীকের নাম (স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে) ☐।

(৬) নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য আমার নতুন ব্যাংক একাউন্ট নম্বর ☐, ব্যাংকের নাম ☐ , শাখার নাম ☐ ।

(৭) বিধি ১৩(১) অনুসারে জমাকৃত টাকার ব্যাংক ড্রাফট/ট্রেজারি চালান/তফসিলি ব্যাংকের পে-অর্ডার এতদ্‌সংগে সংযুক্ত করিলাম।

তারিখ: ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

☐

মনোনীত প্রার্থীর স্বাক্ষর/টিপসহি

প্রার্থীর ছবি

(এখানে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি লাগাইতে হইবে)

## দ্বিতীয় খণ্ড ঃ প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি

১। প্রার্থীর নাম ঃ

২। পিতার নাম ঃ

৩। মাতার নাম ঃ

৪। স্বামী/স্ত্রীর নাম ঃ

৫। জন্ম তারিখ ঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

৬। বয়স ঃ ☐☐ বৎসর ☐☐ মাস ☐☐ দিন

৭। জন্মস্থান ঃ
(জেলার নাম)

৮। ঠিকানা ঃ

| স্থায়ী | বর্তমান |
|---|---|
| | |

৯। তাৎক্ষণিক যোগাযোগ ঃ

| | |
|---|---|
| টেলিফোন নম্বর | |
| মোবাইল নম্বর | |
| ই-মেইল ঠিকানা (যদি থাকে) | |
| ফ্যাক্স নম্বর (যদি থাকে) | |

১০। লিঙ্গ (টিক ☑ চিহ্ন দিন) ঃ পুরুষ ☐ মহিলা ☐

১১। বৈবাহিক অবস্থা (টিক ☑ চিহ্ন দিন) ঃ অবিবাহিত ☐ বিবাহিত ☐ বিপত্নীক ☐ বিধবা ☐

১২। পেশা ঃ

১৩। বর্তমান কর্মস্থলের নাম ও ঠিকানা ঃ

নাম ঃ

ঠিকানা ঃ

১৪। স্বামী/স্ত্রীর পেশা ঃ

১৫। সন্তানাদি সংক্রান্ত তথ্য ঃ

(সন্তানাদির সংখ্যা ও তাহাদের তথ্যাদি নিম্নোক্ত ছকে পূরণ করিতে হইবে)

| ক্রমিক নম্বর | সন্তানের নাম | জন্ম তারিখ | শিক্ষাগত যোগ্যতা | পেশা ও কর্মস্থল/প্রতিষ্ঠানের ঠিকানা | বৈবাহিক অবস্থা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

(বিঃ দ্রঃ প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযুক্ত করা যাইবে)

তারিখ : ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

প্রার্থীর স্বাক্ষর/টিপসহি

**<u>তৃতীয় খন্ড</u>**

(রিটার্নিং অফিসার কর্তৃক পূরণ করিতে হইবে)

এই মর্মে মনোনয়নপত্রটি প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারী [ ] প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারীর নাম

কর্তৃক [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর তারিখ বেলা [ ][ ] ঘটিকায় আমার অফিসে আমার নিকট দাখিল করা হয়।

তারিখ : [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

[ ]

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

## চতুর্থ খন্ড

## মনোনয়ন গ্রহণ/বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত

(বাছাই এর নির্ধারিত দিনে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিলকরণ সম্পর্কে রিটার্নিং অফিসারের সিদ্ধান্ত)

আমি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৪ এর বিধান অনুসারে এই মনোনয়নপত্রটি পরীক্ষান্তে গ্রহণ/বাতিল করিলাম।

মনোনয়নপত্র বাতিলের ক্ষেত্রে কারণসমূহ

১।

২।

৩।

তারিখ ঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

(প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইতে পারে)

**পঞ্চম খন্ড**

**প্রাপ্তি স্বীকার রসিদ**

(রিটার্নিং অফিসার কর্তৃক পূরণ করিতে হইবে)

মনোনয়নপত্রের ক্রমিক সংখ্যা ____________

জেলা ____________ উপজেলা ____________

____________ ইউনিয়ন পরিষদ হইতে চেয়ারম্যান নির্বাচনের জন্য

প্রার্থী ____________ এর মনোনয়নপত্রটি প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারী কর্তৃক
(প্রার্থীর নাম)

[ | ] দিন [ | ] মাস [ | | | ] বৎসর তারিখ বেলা [ | ] ঘটিকায় আমার অফিসে আমার নিকট দাখিল করা হয়।

দাখিলকৃত সকল মনোনয়নপত্র [ | ] দিন [ | ] মাস [ | | | ] বৎসর

তারিখ বেলা [ | ] ঘটিকায় ____________ এ বাছাই করা হইবে।
(স্থান)

তারিখঃ [ | ] দিন [ | ] মাস [ | | | ] বৎসর

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

**সংযুক্তি-১**

**(দলের মনোনয়ন)**

(এই নমুনায় দলের নিজস্ব প্যাডে পৃথকভাবে প্রদান করিতে হইবে)

(১) আমি, ______________________

______________________

(পদবি, দলের নাম)

______________________ এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, ______________________

(দলের নিবন্ধন নম্বর) (জেলার নাম)

______________________ ______________________

(উপজেলার নাম) (ইউনিয়ন পরিষদের নাম)

হইতে চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য প্রার্থীরূপে ______________________

(প্রার্থীর নাম)

ভোটার নম্বর | | | | | | | | | | | | | কে
দল হইতে মনোনয়ন প্রদান করা হইয়াছে।

তারিখঃ | | | দিন | | | মাস | | | | | বৎসর

দলের সভাপতি বা সাধারণ সম্পাদক
অথবা
সমপর্যায়ের পদাধিকারী বা
ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির
নাম, স্বাক্ষর ও সিলমোহর

* স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে এই সংযুক্তির প্রয়োজন নাই।

**ফরম-ঘ**
[ বিধি ১২ (৯) দ্রষ্টব্য ]

**[ ] ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সংরক্ষিত আসনের/সাধারণ আসনের সদস্য পদে মনোনয়নপত্র দাখিলকারীগণের তথ্য বিবরণী**

ওয়ার্ড নম্বর [ ][ ] (সদস্য পদের জন্য)

| ক্রমিক সংখ্যা | মনোনয়নপত্র দাখিলকারীর নাম এবং ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্রের নম্বর | মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের নাম/ স্বতন্ত্র (শুধু চেয়ারম্যান পদের ক্ষেত্রে প্রযোজ্য) | পিতা/ স্বামীর (বিবাহিত মহিলার ক্ষেত্রে) নাম | ঠিকানা | | প্রস্তাবকারীর নাম ও ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্রের নম্বর | সমর্থনকারীর নাম ও ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্রের নম্বর | মনোনয়নপত্র দাখিলকারীর পক্ষে মনোনয়নপত্রের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বর্তমান | স্থায়ী | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫(ক) | ৫(খ) | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | | | | | | | | | |
| ২. | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | |

স্থান: [ ]

[ ]

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

তারিখ : [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

---

* প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন।

**ফরম-ঘ-১**

[ বিধি ১৬ দ্রষ্টব্য ]

**[ ] ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সংরক্ষিত আসনের/ সাধারণ আসনের সদস্য পদে বৈধভাবে মনোনীত প্রার্থীগণের তালিকা**

ওয়ার্ড নম্বর [ ][ ] (সদস্য পদের জন্য)

| ক্রমিক সংখ্যা | প্রার্থীর নাম | মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের নাম/ স্বতন্ত্র (শুধু চেয়ারম্যান পদের ক্ষেত্রে প্রযোজ্য) | প্রার্থীর পিতা/স্বামীর (বিবাহিত মহিলার ক্ষেত্রে) নাম | প্রার্থীর মাতার নাম | প্রার্থীর ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |
| ৫. | | | | | |

স্থানঃ [ ]

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

(বিঃ দ্রঃ অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন)

**ফরম-চ**

[ বিধি ২২ (২) দ্রষ্টব্য ]

**☐ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ☐☐ নম্বর সংরক্ষিত ওয়ার্ডের সদস্য/ ☐☐ নম্বর সাধারণ ওয়ার্ডের**

**সদস্য পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের তালিকা**

সংরক্ষিত আসনের ওয়ার্ড নম্বর ☐☐ (সদস্য পদের জন্য)

সাধারণ আসনের ওয়ার্ড নম্বর ☐☐ (সদস্য পদের জন্য)

| ক্রমিক সংখ্যা | বাংলা বর্ণমালার ক্রমানুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম | মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের নাম/স্বতন্ত্র (শুধু চেয়ারম্যান পদের ক্ষেত্রে প্রযোজ্য) | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ঠিকানা | বরাদ্দকৃত প্রতীক |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | | | | |
| ৪. | | | | |
| ৫. | | | | |

এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা যাইতেছে যে, আগামী ................................তারিখ সকাল ............ঘটিকা হইতে বিকাল............. ঘটিকা পর্যন্ত ভোটগ্রহণ করা হইবে।

স্থানঃ ☐

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

তারিখ ঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

(বিঃ দ্রঃ অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন)

**ফরম-ছ**

[ বিধি ২৯ (১) দ্রষ্টব্য ]

| **চেয়ারম্যান নির্বাচনের জন্য ব্যালট পেপারের মুড়িপত্র** | **চেয়ারম্যান নির্বাচনের জন্য ব্যালট পেপার** |
|---|---|
| **জেলাঃ................, উপজেলাঃ ..................**<br><br>**ইউনিয়নঃ.............................** | নাম.......................প্রতীক.................<br><br>নাম.......................প্রতীক.................<br><br>নাম.......................প্রতীক................. |
| ক্রমিক সংখ্যা..........................<br>ওয়ার্ড নম্বর............................<br><br>ভোটার তালিকায় ভোটারের ক্রমিক সংখ্যা...........<br><br><br>ভোটারের স্বাক্ষর/টিপসহি | |

**ফরম-জ**
[ বিধি ২৪(৪) দ্রষ্টব্য ]

**নির্বাচনি এজেন্ট নিয়োগ**

বরাবর

রিটার্নিং অফিসার

................................... ইউনিয়ন পরিষদ

বিষয়ঃ নির্বাচনি এজেন্ট নিয়োগ।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে....................ইউনিয়ন পরিষদের......................ওয়ার্ডের (প্রযোজ্য ক্ষেত্রে) চেয়ারম্যান/সংরক্ষিত/সাধারণ আসনের সদস্য পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী................................ পিতা/স্বামী.................................... নির্বাচনি প্রতীক....................... এর নির্বাচনি এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২৪ অনুসারে নিম্নে বর্ণিত ব্যক্তিকে নিয়োগ করিতেছি। নিম্নে তাহার বিবরণী ও তিনটি স্বাক্ষর সত্যায়ন করিলাম:

| নির্বাচনি এজেন্টের নাম | নির্বাচনি এজেন্টের পিতা/স্বামীর নাম | মাতার নাম | নির্বাচনি এজেন্টের ঠিকানা | নির্বাচনি এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্রের নম্বর | নির্বাচনি এজেন্টের স্বাক্ষর | সত্যায়নকারী (প্রার্থী কর্তৃক) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | ১. | |
| | | | | | ২. | |
| | | | | | ৩. | |

২। উল্লিখিত ব্যক্তি বিভিন্ন ভোটকেন্দ্রের ভোট চলাকালীন ও গণনাকালীন সময়েও দায়িত্ব পালন/পর্যবেক্ষণ করিবেন।

স্থান:

তারিখঃ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

প্রার্থীর নাম ও স্বাক্ষর এবং নির্বাচনি প্রতীক.............

**ফরম-জ-১**

[ বিধি ২৫(২) দ্রষ্টব্য ]

পোলিং এজেন্টের ছবি

**পোলিং এজেন্ট নিয়োগ**

বরাবর

প্রিজাইডিং অফিসার

............................................................................................ ভোটকেন্দ্র

বিষয়ঃ পোলিং এজেন্ট নিয়োগ।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে ...................... ইউনিয়ন পরিষদের.................. ওয়ার্ডের (প্রযোজ্য ক্ষেত্রে) চেয়ারম্যান/সংরক্ষিত/সাধারণ আসনের সদস্য পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী........................... পিতা/স্বামী.............................. নির্বাচনি প্রতীক ...........................এর ................................ ভোটকেন্দ্রে পোলিং এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২৫ অনুসারে নিম্নেবর্ণিত ব্যক্তিবর্গকে নিয়োগ করিতেছি।

| ক্রমিক সংখ্যা | পোলিং এজেন্টের নাম | পোলিং এজেন্টের পিতা/স্বামীর নাম | পোলিং এজেন্টের ঠিকানা | পোলিং এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্রের নম্বর | পোলিং এজেন্টের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |
| ৫. | | | | | |
| ৬. | | | | | |
| ৭. | | | | | |
| ৮. | | | | | |
| ৯. | | | | | |
| ১০. | | | | | |

২। ...............................ক্রমিকে উল্লিখিত ব্যক্তি/ব্যক্তিবর্গ উক্ত ভোটকেন্দ্রের ভোট গণনাকালীন সময়েও দায়িত্ব পালন করিবেন।

স্থান:

প্রার্থী/নির্বাচনি এজেন্টের নাম ও স্বাক্ষর এবং নির্বাচনি প্রতীক.......

তারিখঃ দিন মাস বৎসর

**ফরম-ড**

[ বিধি ৪৩ দ্রষ্টব্য ]

**চেয়ারম্যান ও সদস্য পদে নির্বাচিত ঘোষিত প্রার্থীগণের তালিকা**

[   ] ইউনিয়ন পরিষদ নির্বাচন

[   ] জেলা [   ] উপজেলা

| ক্রমিক নম্বর | নির্বাচিত ঘোষিত প্রার্থীগণের নাম, পিতা/স্বামীর (বিবাহিত মহিলার ক্ষেত্রে) নাম ও ঠিকানা (মনোনয়নপত্রে যেইরূপ দেওয়া হইয়াছে) | দলের নাম/স্বতন্ত্র (শুধু চেয়ারম্যান পদের ক্ষেত্রে প্রযোজ্য) | যেই ওয়ার্ড হইতে নির্বাচিত হইয়াছেন তাহার নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | যে পদে নির্বাচিত হইয়াছেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

তারিখঃ [   ] দিন [   ] মাস [   ] বৎসর

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

(বিঃ দ্রঃ প্রথমে চেয়ারম্যান, তারপর সংরক্ষিত আসনের সদস্য এবং পরে সাধারণ আসনের সদস্যগণের নাম লিখিতে হইবে)";

**(গ)** ফরম-ঢ এর দ্বিতীয় ভাগঃ সম্ভাব্য ব্যয়ের খাতসমূহ এর ক্রমিক নং (ছ) ও তদ্‌সংশ্লিষ্ট এন্ট্রি বিলুপ্ত হইবে এবং ক্রমিক নং (জ), (ঝ), (ঞ), (ট), (ঠ), (ড), (ঢ), (ণ) ও (ত) যথাক্রমে (ছ), (জ), (ঝ), (ঞ), (ট), (ঠ), (ড), (ঢ) ও (ণ) হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে;

**(ঘ)** ফরম-ণ এর প্রচারণা অংশের ক্রমিক নং (ঙ) ও তদ্‌সংশ্লিষ্ট এন্ট্রি বিলুপ্ত হইবে এবং ক্রমিক নং (চ), (ছ),জ), (ঝ), (ঞ), (ট), (ঠ), (ড) (ঢ), (ণ) ও (ত) যথাক্রমে (ঙ), (চ), (ছ), (জ), (ঝ), (ঞ), (ট), (ঠ), (ড),(ঢ) ও (ণ) হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে।

**(ঙ)** ফরম-ত-২ এর পর নিম্নরূপ ফরম-থ সংযোজিত হইবে, যথা:-

**ফরম-থ**

[বিধি ৫১ক দ্রষ্টব্য]

**ইউনিয়ন পরিষদ নির্বাচন**

**রাজনৈতিক দল কর্তৃক দাখিলকৃত ব্যয় বিবরণী**

রাজনৈতিক দলের নাম:

রাজনৈতিক দলের ঠিকানা:

| ***ব্যয়ের খাত** | **ইউনিয়ন পরিষদের নাম** | **মনোনীত প্রার্থীর সংখ্যা** | **ব্যয়ের পরিমাণ** | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| ১. প্রার্থীকে প্রদত্ত অনুদান | | | | |
| ২. প্রচারণা বাবদ | | | | |
| ৩. পরিবহণ বাবদ | | | | |
| ৪. জনসভা বাবদ | | | | |
| ৫. স্টাফ খরচ বাবদ | | | | |

| ***ব্যয়ের খাত** | **ইউনিয়ন পরিষদের নাম** | **মনোনীত প্রার্থীর সংখ্যা** | **ব্যয়ের পরিমাণ** | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| ৬. আবাসন ও প্রশাসনিক খরচ বাবদ | | | | |
| ৭. বিবিধ | | | | |

তারিখঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

দলের সভাপতি বা সাধারণ সম্পাদক
অথবা
সমপর্যায়ের পদাধিকারী
কার্যনির্বাহকের
নাম, স্বাক্ষর ও সিলমোহর

* উপরে উল্লিখিত বিভিন্ন খাতে বিস্তারিত খরচ আলাদাভাবে এতদ্সংগে সংযুক্ত করিতে হইবে।”

(১৯) তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪ ও তফসিল-৫ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

## ‘‘তফসিল-২

[বিধি ১৯(১)(ক) দ্রষ্টব্য]

চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। ছাতা | ১৪। তারা | ২৭। কাঁঠাল | ৪০। টেলিভিশন; |
| ২। বাই-সাইকেল | ১৫। গোলাপ ফুল | ২৮। চাবি | |
| ৩। চাকা | ১৬। মই | ২৯। চেয়ার | |
| ৪। গামছা | ১৭। গরুর গাড়ি | ৩০। হাত ঘড়ি | |
| ৫। কাস্তে | ১৮। ফুলের মালা | ৩১। মিনার | |
| ৬। নৌকা | ১৯। বটগাছ | ৩২। রিক্সা | |
| ৭। ধানের শীষ | ২০। হারিকেন | ৩৩। হাত পাখা | |
| ৮। কবুতর | ২১। আম | ৩৪। মোমবাতি | |
| ৯। কুঁড়ে ঘর | ২২। খেজুর গাছ | ৩৫। হুক্কা | |
| ১০। হাতুড়ি | ২৩। উদীয়মান সূর্য | ৩৬। কোদাল | |
| ১১। কুলা | ২৪। মাছ | ৩৭। দেওয়াল ঘড়ি | |
| ১২। লাঙ্গল | ২৫। বাঘ | ৩৮। হাত (পাঞ্জা) | |
| ১৩। মশাল | ২৬। গাভি | ৩৯। ছড়ি | |

## ‘‘তফসিল-৩

[বিধি ১৯(১)(খ) দ্রষ্টব্য]

চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। অটোরিক্সা | ৬। টেলিফোন |
| ২। আনারস | ৭। চশমা |
| ৩। ঘোড়া | ৮। দুটি পাতা |
| ৪। টেবিল ফ্যান | ৯। মোটর সাইকেল |
| ৫। ঢোল | ১০। রজনীগন্ধা |

''তফসিল-৪
[বিধি ১৯(১)(গ) দ্রষ্টব্য]

সংরক্ষিত আসনের সদস্য পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। কলম | ৬। বক |
| ২। ক্যামেরা | ৭। সাঁকো |
| ৩। তালগাছ | ৮। মাইক |
| ৪। জিরাফ | ৯। হেলিকপ্টার |
| ৫। বই | ১০। সূর্যমুখী ফুল |

''তফসিল-৫
[বিধি ১৯(১)(ঘ) দ্রষ্টব্য]

সাধারণ আসনের সদস্য পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। আপেল | ৭। টর্চ লাইট |
| ২। ক্রিকেট ব্যাট | ৮। ভ্যান গাড়ি |
| ৩। ঘুড়ি | ৯। বৈদ্যুতিক পাখা |
| ৪। টিউবওয়েল | ১০। মোরগ |
| ৫। পানির পাম্প | ১১। লাটিম |
| ৬। ফুটবল | ১২। তালা |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd